পশ্চিম মেদিনীপুর

# এআই মাস্টার,চ্যাট জিপিটি-সহ একাধিক বিষয়ে কোর্স করার সুযোগ নিয়ে এসেছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়!

BIPLABI SAMBAD DARPAN

জানুয়ারী ১৩, ২০২৫ . ৭:২১ সকাল — 1 min read




নিজস্ব সংবাদদাতা : AI এখন ডিজিটাল বিশ্বের সমসাময়িক ইলেকট্রনিক পরিবেশে একটি অবিশ্বাস্য হাতিয়ার যা বিভিন্ন ক্রমবর্ধমান শিল্পে বিপ্লব ঘটিয়েছে। যাইহোক, আশেপাশে থাকা অসংখ্য এআই টুলের মধ্যে, চ্যাট জিপিটি হল একটি বিপ্লবী মডেল যা ব্যবসায়িক ক্রিয়াকলাপ বিকাশ, নতুন পদ্ধতি তৈরি এবং গ্রাহকদের সাথে যোগাযোগ করার জন্য অতিরিক্ত সম্ভাবনা নিয়ে এসেছে। অনলাইনে চ্যাট জিপিটি শিখতে প্রাসঙ্গিক এবং উদ্ভাবনী থাকতে চায় এমন যেকোনো ব্যবসার জন্য এটি এখন গুরুত্বপূর্ণ।

একাধিক বিষয়ে কোর্স করার সুযোগ দিচ্ছে পশ্চিম মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। সম্প্রতি এই মর্মে একটি সবিস্তার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে। তাতে জানানো হয়েছে, মোট দশটি বিষয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স করানো হবে বিশ্ববিদ্যালয়ের তরফে। আগ্রহীরা অনলাইন বা অফলাইনেই কোর্সগুলিতে ভর্তির আবেদন জানাতে পারবেন।

**কোর্স :** আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ফর অল: চ্যাটজিপিটি, ফান্ডামেন্টাল অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োটেকনোলজি, আর্ট অ্যান্ড ক্রাফট এবং সাইবার সিকিউরিটি, সাইবার ক্রাইম অ্যান্ড সাইবার তথ্য প্রযুক্তি আইন।

**সিট সংখ্যা-**

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ফর অল: চ্যাটজিপিটি- ৪০টি

ফান্ডামেন্টাল অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োটেকনোলজি- ৩০টি
আর্ট অ্যান্ড ক্রাফট- ৩০টি
সাইবার সিকিউরিটি, সাইবার ক্রাইম অ্যান্ড সাইবার তথ্য প্রযুক্তি আইন- ৪০টি

**কোর্স ফি-**
আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ফর অল: চ্যাটজিপিটি- ৫ হাজার টাকা,
ফান্ডামেন্টাল অ্যান্ড অ্যাপ্লায়েড বায়োটেকনোলজি- ৫ হাজার টাকা,
আর্ট অ্যান্ড ক্রাফট- ৩ হাজার টাকা,
সাইবার সিকিউরিটি, সাইবার ক্রাইম অ্যান্ড সাইবার তথ্য প্রযুক্তি আইন – ১১ হাজার টাকা

**আবেদন করার শেষ দিন -** ৪ ফেব্রুয়ারি- ২০২৫

আগ্রহীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা আবেদনপত্র পূরণ করে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ঠিকানায় পাঠিয়ে আবেদন করতে হবে। সঙ্গে পাঠাতে হবে ২০০ টাকা আবেদনমূল্য এবং কোর্স ফি। অনলাইনে আবেদনের জন্য আবেদনপত্রের স্ক্যান করা কপি-সহ আবেদনমূল্য এবং কোর্স ফি বিজ্ঞপ্তিতে উল্লিখিত মেল আইডিতে পাঠাতে হবে।


## Related



পশ্চিম মেদিনীপুর

### মেদিনীপুর থেকে কাশ্মীর ঘুরতে গিয়ে আটকে পড়েছে ৫৯ জন পর্যটকরা!

BIPLABI SAMBAD DARPAN

এপ্রিল ২৩, ২০২৫




পশ্চিম মেদিনীপুর

### বিশ্ব বই দিবসে পালিত হলো পশ্চিম মেদিনীপুর জেলার গোদাপিয়াশাল এম জি এম হাইস্কুলের এন এস এস ইউনিটে!

BIPLABI SAMBAD DARPAN

এপ্রিল ২৩, ২০২৫